



রেজিস্ট্রার অফিস

চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয় (সিভাসু)

চট্টগ্রাম-৪২২৫, বাংলাদেশ

ফোন: ০২৩৩৪৪৬৬১৫৩, ফ্যাক্স: ০২৩৩৪৪৬৬২৭০

ই-মেইল: registrar@cvasu.ac.bd, registrar@cvasu@gmail.com

ওয়েবসাইট: cvasu.ac.bd

নং-সিভাসু/রেজি:/গৃ: নি: ঋণ-৬৩২/২০২০/১৫৪৯

তারিখ: ১৯/১০/২০২১ খ্রি.

সাধারণ বিজ্ঞপ্তি

এ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত 'পাবলিক বিশ্ববিদ্যালয় ও বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের শিক্ষক, কর্মচারীদের জন্য ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে গৃহ নির্মাণ ঋণ নীতিমালা-২০১৯'-এর আওতায় ৪% সুদ হারে গৃহনির্মাণ ঋণ প্রদানের জন্য অর্থ মন্ত্রণালয়, চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয় এবং জনতা ব্যাংক লিঃ এর মধ্যে ত্রিপক্ষীয় সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরিত হয়েছে। উক্ত সমঝোতা স্মারকের ভিত্তিতে এ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের জন্য গৃহনির্মাণ বা ফ্ল্যাট ত্রয়ের ঋণ প্রদানের লক্ষ্যে প্রস্তুতিকাজ ইতোমধ্যে সম্পন্ন হয়েছে মর্মে ম্যানেজার, জনতা ব্যাংক লিঃ, সিভাসু শাখা জানিয়েছে।

২। নীতিমালার ৪(ঘ)নং অনুচ্ছেদে বর্ণিত ঋণ প্রাপ্তির শর্ত অনুযায়ী বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক নির্ধারিত ব্যাংক শাখায় আবেদনকারীর একটি হিসাব থাকতে হবে। উক্ত হিসাবের মাধ্যমে সংশ্লিষ্ট ঋণগ্রহীতার বেতন/ভাতা/পেনশন এবং গৃহ নির্মাণ বা ফ্ল্যাট ত্রয়ের ঋণ বিতরণ ও কিস্তি আদায় সংক্রান্ত সমুদয় কার্যক্রম পরিচালিত হবে। সে অনুযায়ী এ বিশ্ববিদ্যালয়ের গৃহ নির্মাণ বা ফ্ল্যাট ত্রয়ের জন্য অগ্রহী ঋণ গ্রহীতাদের জনতা ব্যাংক লিঃ, সিভাসু শাখায় একটি হিসাব খুলতে হবে (প্রযোজ্য ক্ষেত্রে)।

৩। গৃহ নির্মাণ ঋণ প্রদান সংক্রান্ত নীতিমালার আলোকে সরকার হতে ভর্ত্তুকি গ্রহণের লক্ষ্যে সরকারের সমন্বিত বাজেট এবং হিসাব রক্ষণ ব্যবস্থায় (IBAS++) প্রয়োজনীয় তথ্য প্রদানের জন্য অগ্রহী ঋণগ্রহীতাকে 'চাকরি সংক্রান্ত ফরম (লিঙ্ক: ক)' পূরণপূর্বক নিম্নোক্ত কাগজপত্রাদি সংযুক্ত করে রেজিস্ট্রার বরাবর আবেদন করতে হবে।

- আবেদনকারীর জাতীয় পরিচয়পত্রের ফটোকপি;
- আবেদনকারীর অবসরের তারিখ সংক্রান্ত প্রমাণক;
- বেতন সংক্রান্ত প্রত্যয়নপত্র;
- জনতা ব্যাংক লিঃ, সিভাসু শাখায় পরিচালিত সঞ্চয়ী হিসাব সংক্রান্ত তথ্য (ইংরেজিতে);
- জিপিএফ নমিনি সংক্রান্ত প্রমাণক;
- পেনশন নমিনি সংক্রান্ত প্রমাণক।

৪। পরবর্তীতে জনতা ব্যাংক লিমিটেড-এর (https://www.jb.com.bd/about_us/online_application_govt_loan) ওয়েব সাইটে প্রবেশ করে অনলাইনে ঋণ প্রাপ্তির জন্য আবেদন করত: আবেদনের প্রিন্টকপির সাথে প্রয়োজনীয় কাগজাদি (উল্লিখিত ওয়েব সাইট হতে জানা যাবে) সংযুক্ত করে জনতা ব্যাংক লিঃ, সিভাসু শাখায় প্রেরণ করতে হবে।

প্রয়োজনীয় অনলাইন লিঙ্ক:

ক) বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীর চাকরি সংক্রান্ত তথ্য প্রদানের ফরম:

<https://mof.gov.bd/site/page/536d7627-46cd-4663-8684-a22d904e4752/Loan-Forms>


খ) ঋণ প্রক্রিয়াকরণ পদ্ধতি:

<https://mof.gov.bd/site/page/7a0d1f20-0197-49e2-85ef-e95c36e09992/Loan-Sanction-Process>

গ) সংশ্লিষ্ট নীতিমালা ও ব্যাংকের অনলাইন আবেদনের লিঙ্ক:

https://www.jb.com.bd/about_us/govt_loan

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে,


(মীর্জা ফারুক ইমাম) 19.10.2021
রেজিস্ট্রার

